

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
টোল অধিশাখা

স্মারক নং-৩৫.০০.০০০০.০৬০.১৮.০০৫.২০-৭৯

তারিখঃ ২২-০৩-২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ময়মনসিংহ সড়ক বিভাগাধীন “ত্রিশাল-বালিপাড়া-নান্দাইল (কানুরামপুর)” জেলা মহাসড়কের (জেড-৩০৩৪) ১৪তম কিলোমিটারে পুরাতন ব্রহ্মপুত্র নদের উপর নির্মিত “রফিক উদ্দিন ভূইয়া সেতু”র উপর দিয়ে পারাপারকারী যানবাহন হতে টোল আদায়ের নিমিত্ত টোল নীতিমালা, ২০১৪ অনুযায়ী বিভিন্ন শ্রেণীর যানবাহন চলাচলের জন্য নিম্নরূপভাবে টোল নির্ধারণ করা হল:

ক্রম	যানবাহনের নাম	যানবাহনের বর্ণনা	টোলের হার (টাকা)
ক	ট্রেইলার	কন্টেইনার/ভারী যন্ত্রপাতি/ভারী মালামাল/সরঞ্জাম পরিবহনে সক্ষম যান	১২৫.০০
খ	হেভী ট্রাক	তিন বা ততোধিক এক্সেল বিশিষ্ট ট্রাক, কাভার্ড ট্রাক/ভ্যান, কন্টেইনারবাহী ট্রাক এবং অন্যান্য আর্টিকুলেটেড যানবাহন	১০০.০০
গ	মিডিয়াম ট্রাক	দুই এক্সেল বিশিষ্ট রিজিড ট্রাক/বাণিজ্যিক কাজে ব্যবহৃত ট্রাক্টর ও ট্রেইলার	৫০.০০০
ঘ	বড় বাস	চালক ব্যতিত ৩১ অথবা তদুর্ধ্ব আসন বিশিষ্ট মোটরযান	৪৫.০০
ঙ	মিনি ট্রাক	৩ টন পর্যন্ত পে-লোড ধারণে সক্ষম যানবাহন	৪০.০০
চ	কৃষিকাজে ব্যবহৃত যান	পাওয়ার টিলার, ট্রাক্টর ইত্যাদি	৩০.০০
ছ	মিনিবাস/কোষ্টার	চালক ব্যতিত অনধিক ৩০ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	২৫.০০
জ	মাইক্রোবাস	চালক ব্যতিত অনূন ৮ এবং অনধিক ১৫ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	২০.০০
ঝ	ফোর হুইল চালিত যানবাহন	পিক-আপ, কনভারশনকৃত জীপ, রেকার, ফ্রেন ইত্যাদি	২০.০০
ঞ	সিডান কার	ব্যক্তিগত এবং ভাড়ায় চালিত সকল সিডানকার	১৫.০০
ট	৩/৪ চাকার মোটরাইজড যান	অটো টেম্পো, সিএনজি অটোরিক্সা, অটোভ্যান, ব্যাটারী চালিত ৩/৪ চাকার যে কোন ধরনের মোটরাইজড যান	৫.০০
ঠ	মোটর সাইকেল	দুই চাকা বিশিষ্ট যন্ত্রচালিত যান	৫.০০
ড	রিক্সাভ্যান/রিক্সা/বাই সাইকেল/ঠেলা গাড়ী	মালামাল, যাত্রী পরিবহনে ব্যবহৃত রিক্সা ভ্যান/তিন চাকার যাত্রী সাইকেল রিক্সা/প্যাডেলযুক্ত দ্বিচক্রযান/পশু ও হাতে চালিত টানা/ঠেলাগাড়ী	৫.০০

০২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

Uddan 22/3/21
(ফাহিমদা হক খান)
উপসচিব